Human Resources Administration
Department of Social Services
Family Independence Administration

# ইউটিলিটির বিলিপত্র (Bengali)

## আমার ইউটিলিটির মাধ্যমে আমি কি সাহায্য পাব?

- মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) আপনাকে ইউটিলিটি বিল (গ্যাস ও বিদ্যুত) দেওয়ার আর্থিক সহায়তা দিয়ে সহায়তা করতে পারে। ইউটিলিটি বিলের অর্থপ্রদান করার সরকারি অনুদান প্রাপকদের কাছে নগদ সহায়তা এবং সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকামের (Supplemental Security Income, SSI) পাশাপাশি সেইসব ব্যক্তিদের জন্য উপলব্ধ যাদের আয় অন্য উত্স থেকে এবং আপত্কালীন প্রয়োজনের জন্য সংস্থান নেই।

- যদি আপনি বর্তমানে নগদ সহায়তা বা SSI পাচ্ছেন তাহলে HRA আপনাকে আপনার ইউটিলিটি পরিষেবা বন্ধ হওয়া আটকাতে চার মাসের পর্যন্ত ইউটিলিটি এরিয়ার দেবে। আপনার ইউটিলিটি পরিষেবা প্রদানকারী যদি HRA থেকে পেমেন্ট পেয়ে থাকে তাহলে প্রদানকারীকে অবশ্যই পরিষেবা অব্যাহত বা ও পুনঃস্থাপন করতে হবে এমনকি সমস্ত এরিয়ার না দিলেও।

- যদি আপনি বর্তমানে নগদ সহায়তা পাচ্ছেন না, তাহলে আপনার ইউটিলিটি পরিষেবার বন্ধ করা আটকাতে বা আপনার ইউটিলিটি পরিষেবা পুনঃস্থাপন করতে আপনি আপাত্কালীন সরকারি অনুদানের জন্য যোগ্য হতে পারেন।

- আপনি নগদ সহায়তা বা SSI পান, তাহলে আপনি ইউটিলিটি গ্যারান্টির জন্য যোগ্য হতে পারেন।

## ইউটিলিটি গ্যারান্টি মানে কি?

- HRA ইউটিলিটি কোম্পানিকে আশ্বস্ত করছেন যে, ছয় (6) মাস সময় পর্যন্ত যদি নগদ সহায়তা প্রাপক বা এসএসআই প্রাপক ইউটিলিটি গ্যারান্টি দিতে না পারেন তাহলে তারা বিল পরিশোধ করবেন।

- আপনি যদি একটি ইউটিলিটি গ্যারান্টি পান, তাহলে আপনাকে ভবিষ্যতের ইউটিলিটি বিল প্রদান করতে হবে।

## ইউটিলিটি গ্যারান্টির বেনিফিট কি?

- ইউটিলিটি বন্ধ হওয়া আটকাতে HRA আপনার ইউটিলিটি প্রদানকারীকে যে অর্থ দিয়েছে তা আপনাকে আর HRA কে দিতে হবে না।

- গ্যারান্টির সময়কালে, ইউটিলিটি পরিষেবা প্রদানকারী যা করতে পারবে না:
  - HRA অর্থ না দিলে আপনার পরিষেবা বন্ধ করে দেওয়া; অথবা
  - বাকি থাকা অর্থ সংগ্রহ করার জন্য কোনো প্রচেষ্টা করতে না পারা।

    **উদাহরণ:** যদি আপনি নগদ সহায়তা বা SSI পাচ্ছেন এবং বিল $100 এবং HRA কেবল $75 দিচ্ছে, তাহলে ইউটিলিটি পরিষেবা প্রদানকারী আপনার পরিষেবা বন্ধ করতে পারবে না কারণ আপনাকে এখনও $25 দিতে হবে।

## ইউটিলিটি গ্যারান্টি কত দিন স্থায়ী থাকে?

- ইউটিলিটি গ্যারান্টি ছয় মাস পর্যন্ত কার্যকর থাকবে। যদি আপনার নগদ সহায়তার কেস বন্ধ হয়ে যায় বা আপনার SSI বেনিফিট ছয় মাসের আগেই থামিয়ে দেওয়া হয় তাহলে ইউটিলিটি গ্যারান্টির সময়সীমা ছয় মাসের আগেই শেষ হয়ে যাবে। গ্যারান্টি শেষ হয়ে যাবে এমনকি আপনি SSI পেতে শুরু করেছেন সেই কারণে নগদ সহায়তার কেস বন্ধ হয়ে গেলেও।

(পরের পাতায় যান)

**গ্যারান্টির সময়কালের মধ্যে আমি আমার ইউটিলিটি বিল না দিতে পারলে কি হবে?**

- গ্যারান্টি পিরিয়ডের মধ্যে আপনার বিল সম্পূর্ণ না দিলে আপনার ইউটিলিটি পরিষেবা প্রদানকারী HRA কে সেই বিষয়ে জানাবে। গ্যারান্টি সময়কালে আপনি যে পরিমাণ অর্থ দিতে পারেন নি HRA কে সেই পরিমাণ অর্থ দিতে হবে।

- আপনি যদি একজন নগদ সহায়তা প্রাপক হন তাহলে HRA গ্যারান্টি সময়কালে যে পরিমাণ অর্থ দিয়েছে তা আপনার নগদ সহায়তা থেকে ততক্ষণ কাটা হবে যতদিন না সেটি HRA প্রদত্ত অর্থের সমান হয়। এটিকে রিক্যুপমেন্ট বলা হয়। এছাড়া, এনার্জি অ্যালাওয়েন্স যা আপনার সরকারি অনুদানের অঙ্গ সেটিকে আপনার সরকারি অনুদান থেকে অপসারণ করা হবে (এটিকে ইউটিলিটি অ্যালাওয়েন্স সীমাবদ্ধতা বলা হয়) HRA সরাসরি আপনার পরিষেবা প্রদানকারীকে সেই অ্যালাওয়েন্স সহ আপনার মাসিক ইউটিলিটি বিল প্রদান করবে (এটিকে ডিরেক্ট ভেন্ডর পেমেন্ট বলা হয়)।

- যদি আপনি একজন SSI প্রাপক হন এবং HRA আপনার ইউটিলিটি এরিয়ার প্রদান করে থাকে, তাহলে আপনাকে HRA আপনার ইউটিলিটি পরিষেবা প্রদানকারীকে প্রদান করবে সেই অর্থ আপনাকে আর দিতে হবে না।

**ইউটিলিটি গ্যারান্টির মেয়াদ শেষ হওয়ার আগে আমার নগদ সহায়তা কেস বন্ধ হয়ে গেলে কি হবে?**

- যদি আপনার নগদ সহায়তার কেস ইউটিলিটি গ্যারান্টির মেয়াদ শেষ হওয়ার আগে বন্ধ হয়ে যায় তাহলে আপনার কেস যে দিন বন্ধ হবে সেইদিন আপনার ইউটিলিটি গ্যারান্টির সময়সীমা শেষ হয়ে যাবে। ইউটিলিটির অবশিষ্ট সময়সীমা শেষ হয়ে যাবে।

- HRA ইউটিলিটি পরিষেবা প্রদানকারীকে জানাবে যে আপনার নগদ সহায়তার কেস বন্ধ হয়ে গেছে। আপনার ইউটিলিটি পরিষেবা প্রদানকারী HRA যে অর্থ প্রদান করেনি এবং যে অর্থ আলাদা করে রেখেছে এবং আপনি যখন নগদ সহায়তা বা SSI পাচ্ছিলেন তখন বিল করেনি সেই বাকি থাকা অর্থের জন্য আপনাকে বিল করবে।

- ইউটিলিটি পরিষেবা প্রদানকারী আপনাকে বাকি থাকা সম্পূর্ণ এরিয়ার পরিমাণ সহ একটি নোটিশ পাঠাবে কারণ আপনার নগদ সহায়তা কেস বন্ধ হয়েছে। এছাড়াও আপনাকে এরিয়ার পরিমাণের পাশাপাশি আপনার বর্তমান মাসিক ব্যবহারের পরিমাণ সহ বিল করা হবে।

- এছাড়াও আপনি এরিয়ারের অর্থপ্রদান করলে বা এরিয়ার দেওয়ার জন্য ইউটিলিটি পরিষেবা প্রদানকারীর মাধ্যমে পেমেন্ট চুক্তি করলে আপনি ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্ন করার নোটিশ পেতে পারেন। আপনি ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্ন করার নোটিশ পেলে আপনি HRA তে আপত্কালীন সহায়তার জন্য আবেদন করতে পারেন।

**ইউটিলিটি গ্যারান্টির মেয়াদ শেষ হওয়ার পর কি হবে?**

- গ্যারান্টির সময়সীমা শেষ হওয়ার পর, আপনি আপনার বিল না দিলে HRA কে জানানো হবে না এবং HRA আপনার পরিষেবা প্রদানকারীকে HRA ইউটিলিটি পেমেন্ট করবে না।

- আপনি যদি এখনও নগদ সহায়তা বা SSI পাচ্ছেন এমন হয় তাহলে যখন গ্যারান্টির সময়সীমা শেষ হবে তখন গ্যারান্টি ইস্যু করার সময় ইউটিলিটি পরিষেবা প্রদানকারীকে আপনাকে যে অর্থ দিতে হবে তা আপনার অ্যাকাউন্টে একই থাকবে কিন্তু নগদ সহায়তার কেস বন্ধ হওয়া বা আপনার SSI শেষ না হওয়া পর্যন্ত আপনাকে বিল করা হবে না।

- আপনি যদি আপনার চালু ইউটিলিটি বিল না দেন তাহলে আপনার ইউটিলিটি পরিষেবা প্রদানকারী একটি ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্নের নোটিশ ইস্যু ইস্যু করতে পারে।

**ইউটিলিটি গ্যারান্টির মেয়াদ শেষ হওয়ার পর কি হবে এবং আমি এখনও আমার বিল করতে পারছি না?**

- গ্যারান্টির সময়কাল শেষ হওয়ার পর যদি আপনি পরিষেবা বন্ধের নোটিশ পান তাহলে আপনাকে আপত্কালীন সহায়তার জন্য আবেদন করতে হবে। আপনি আরেকটি ইউটিলিটি এরিয়ার পেমেন্ট এবং আরেকটি ইউটিলিটি গ্যারান্টির সময়সীমার জন্য যোগ্য হতে পারেন। কিভাবে আবেদন করতে হয় তা সম্পর্কে আরো তথ্যের জন্য 311 তে কল করুন।